“এমন দু’টি নিয়ামত আছে, যে দু’টোতে অধিকাংশ মানুষ ক্ষতিগ্রস্ত। তা হচ্ছে: সুস্থতা আর অবসর”।

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “এমন দু’টি নিয়ামত আছে, যে দু’টোতে অধিকাংশ মানুষ ক্ষতিগ্রস্ত। তা হচ্ছে: সুস্থতা আর অবসর”। [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম মানুষের উপর আল্লাহর দুটি মহান নিয়ামতের কথা বলেছেন, যা অনেকেই ভুল জায়গায় ব্যয় করে ক্ষতিগ্রস্ত হয়; কারণ যখন কোন ব্যক্তির স্বাস্থ্য ও অবসর সময়ের নিয়ামত এক সঙ্গে হয় এবং ইবাদতের বিপরীতে অলসতা তার উপর বিজয়ী হয়, তাহলে সে ক্ষতিগ্রস্ত। বেশিরভাগ মানুষের ক্ষেত্রেই এটি ঘটে। যদি সে তার অবসর সময় এবং স্বাস্থ্যকে আল্লাহর আনুগত্যে ব্যবহার করে, তাহলে সে সফল। যেহেতু এই পৃথিবী হলো পরকালের খামার এবং এর মধ্যেই রয়েছে সেই ব্যবসা যার লাভ পরকালে দেখা যাবে। অবসরের পরে আসে ব্যস্ততা আর স্বাস্থ্যের পরে আসে অসুস্থতা। যদি বার্ধক্য ছাড়া আর কিছুই না থাকে, তাহলে এটাই যথেষ্ট হত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5449